সমকাল

তারিখ ... 02 SEP 2015 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

নাগরপুর মহিলা কলেজ

# তালা ভেঙে অফিস দখলে, নিলেন বহিষ্কৃত অধ্যক্ষ

■ টাঙ্গাইল প্রতিনিধি

নাগরপুর মহিলা কলেজের অধ্যক্ষের অফিস কক্ষ দখলের অভিযোগ উঠেছে ওই কলেজের সাময়িক বহিষ্কৃত অধ্যক্ষের বিরুদ্ধে। গতকাল মঙ্গলবার দুপুরে ওই অধ্যক্ষ তার অনুসারী কিছুসংখ্যক শিক্ষক ও বহিরাগত নিয়ে তালা ভেঙে অফিস কক্ষে ঢোকেন। এ সময় ভারপ্রাপ্ত অধ্যক্ষ কলেজে ছিলেন না। এ ঘটনায় কলেজে শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে আতঙ্ক ছড়িয়ে পড়ে। আইন-শৃঙ্খলার অবনতি হতে পারে এমন আশঙ্কায় কলেজ ক্যাম্পাসে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে।

জানা গেছে, জাতীয় পার্টির নেতা সাবেক মন্ত্রী নুর মোহাম্মদ খান ১৯৮৯ সালে নাগরপুর 'মহিলা' কলেজ প্রতিষ্ঠা করেন। পরে নুর মোহাম্মদ খান বিএনপিতে যোগদান করেন। নাগরপুর থানা বিএনপির সাবেক সহসভাপতি নজরুল ইসলাম ১৯৯৫ সালের ১৩ জানুয়ারি ওই কলেজের অধ্যক্ষ হিসেবে যোগদান করেন। দায়িত্ব পালনের সময়ে তার বিরুদ্ধে নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ ওঠে। তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনে (দুদক) তিনটি ও অর্থ আত্মসাতের অভিযোগে টাঙ্গাইল জেলা আদালতে একটিসহ চারটি মামলা রয়েছে। বর্তমানে মামলাগুলো তদন্ত চলছে। সম্প্রতি তিনি দুদকের একটি মামলায় ১৫ দিন হাজত বাসও করেন। এসব অভিযোগে গত বছরের ১৪ জুন কলেজের পরিচালনা পর্ষদ তাকে অধ্যক্ষের পদ থেকে সাময়িক বরখাস্ত করেন। এর বিরুদ্ধে তিনি উচ্চ আদালতে আপিল খারিজ হয়ে যায়।

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. শাহ আলম সরকার অভিযোগ করে বলেন, মঙ্গলবার দুপুরে বহিষ্কৃত অধ্যক্ষ নজরুল ইসলাম তার অনুসারী কয়েকজন শিক্ষক ও বহিরাগত লোক নিয়ে অবৈধভাবে কলেজে ঢুকে তালা ভেঙে অধ্যক্ষের কক্ষ দখল করেন।

সাময়িক বহিষ্কৃত অধ্যক্ষ নজরুল ইসলাম বলেন, 'অন্যায়ভাবে, অবৈধ পন্থায়, বিধি-বহির্ভূতভাবে আমাকে বহিষ্কার করা হয়েছে। আমার বিরুদ্ধে দুর্নীতি ও অনিয়মের যে অভিযোগ আনা হয়েছে তা ভিত্তিহীন। আমি এখনও ওই কলেজের বৈধ অধ্যক্ষ।'